গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।
**College Code: 3502**
Phone: 02589932064; Mobile: 01321-228700, 01740-416817; Website: www.tgc.edu.bd

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ২২/০১/২০২৫ খ্রি.

**আবেদনের তারিখ: ২১ জানুয়ারি ২০২৫ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত**
**ভর্তি পরীক্ষা: ০৩ মে ২০২৫, শনিবার; সময়: সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত**
**[পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এইচএসসি পরীক্ষার রেজি: কার্ডসহ সকাল ১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্রে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।]**

ঠাকুরগাঁও সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট হতে On Line আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তির জন্য আবেদনের যোগ্যতা, আবেদনের পদ্ধতিসহ অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো।

**১. ভর্তির বিষয়/বিভাগ ও আসন সংখ্যা**

| বিষয়/বিভাগ | আসন সংখ্যা | বিষয়/বিভাগ | আসন সংখ্যা | বিষয়/বিভাগ | আসন সংখ্যা | বিষয়/বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| বাংলা | ১৬০ | দর্শন | ১০০ | ব্যবস্থাপনা | ১৯০ | প্রাণিবিদ্যা | ১৯০ |
| ইংরেজি | ১৫৫ | রাষ্ট্রবিজ্ঞান | ১৭৫ | পদার্থবিদ্যা | ৮৫ | গণিত | ১৩০ |
| ইতিহাস | ১০০ | অর্থনীতি | ১৩৫ | রসায়ন | ৮৫ | | |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১৩৫ | হিসাববিজ্ঞান | ১৭০ | উদ্ভিদবিদ্যা | ১৫৫ | | |

**২. প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতা**

(ক) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদনের ন্যূনতম যোগ্যতা

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২১/২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | ২.৫০ | ২.৫০ | ৫.৫০ |
| ii) | বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ২.৭৫ | ২.৫০ | ৬.০০ |

খ) আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের মানবিক শাখার আবেদন ফরম পূরণ করতে হবে।

গ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫০ থাকতে হবে।

চ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

ছ) স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**৩. আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়**

ক) আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Honours Tab-এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

খ) অতঃপর বিষয় পছন্দ, কোটা (যদি থাকে) ইত্যাদি তথ্য সঠিকভাবে প্রদান করার পর আবেদনকারীর **সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি** স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে।

**৪. আবেদন ফরম বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন**

আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোনো প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে আবেদনকারী Applicant's Login (Honours) অপশনে গিয়ে তা সম্পন্ন করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই প্রাথমিক আবেদন ফরম বাতিল করার সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না।

**৫. কলেজের আবেদন ফরম পূরণ ও ফি জমা প্রদান**

কলেজের ওয়েবসাইট www.tgc.edu.bd এ প্রবেশ করে PAYMENT>Admission & Form Fill UP>Under Graduate(Honours)>Honours Admission 2024-2025 ক্লিক করে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর দিতে হবে অতঃপর ইংরেজিতে বড় হাতের অক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমপূরণ করার সময় যে ছবি আপলোড করা হয়েছে সেই ছবি ও মোবাইল নম্বর দিয়ে প্রবেশ করতে হবে। Payment Option এ বিকাশ (bKash) এর মাধ্যমে ৭০০/- ফি পরিশোধ করতে হবে।

**৬. আবেদন ফরম জমা ও নিশ্চয়নঃ**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম, কলেজে ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজের কলা ভবনের ভবনের নিচ তলায় পরীক্ষা কন্ট্রোল রুমে **২৩/০১/২০২৫ থেকে ০২/০৩/২০২৫** তারিখ সকাল ১০:০০ টা থেকে বেলা ৩:০০ টা পর্যন্ত ভর্তি ফরম জমা নেয়া হবে। (ছুটির দিন বাদে)

খ) ০৩/০৩/২০২৫ তারিখের মধ্যে প্রাথমিক আবেদনকারীর মোবাইলে নিশ্চয়ন সংক্রান্ত এসএমএস পাওয়া না গেলে **০৪/০৩/২০২৫ তারিখে ভর্তি কমিটির সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত কোনো জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

**৭. বিবিধ**

ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনাবলী জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Honours অপশনে গিয়ে Honours Admission Guideline লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

**ভর্তি সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য যোগাযোগ করা যাবে:**

১) জনাব সুমন দেবনাথ, সহকারী অধ্যাপক, বাংলা — মোবাইল: ০১৭৬৩-৭৩৪ ৮৪১
২) জনাব মোঃ আনোয়ার হোসেন, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি — মোবাইল: ০১৭৬১-৭৬৪ ৪৩৮
৩) জনাব মোঃ ফেরদৌস জামান, প্রভাষক, পদার্থবিদ্যা — মোবাইল: ০১৭৩৭-৫০০ ২৯৪

প্রতিস্বাক্ষর

22/1/25

প্রফেসর মোছাম্মৎ জিন্নাতুন নাহার-৫৯৪২
অধ্যক্ষ
ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।

22/01/25

প্রফেসর মোঃ জুলফিকার আলী
বিভাগীয় প্রধান, গণিত ও আহবায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি ২০২৪-২০২৫
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।